**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.১৪.১৪০.২৩.৪১৬ তারিখ: ১০ চৈত্র ১৪৩২ / ২৪ মার্চ ২০২৬

**বিষয় : ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব তহবিলের আওতায় ১২৭৪.৪৫৯০৩ লক্ষ (বারো কোটি চুয়াত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার নয়শত তিন) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩৫১টি প্রকল্প অনুমোদন।**

সূত্র : স্মারক নং-৪৬.৪২.১২০০.০০১.৩২.০৬৭.১৯.৩৯১, তারিখ : ০৩-১২-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব তহবিলের অর্থায়নে ১২৭৪.৪৫৯০৩ লক্ষ (বারো কাটি চুয়াত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার নয়শত তিন) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩৫১টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব পাওয়া যায়। উক্ত প্রস্তাব অনুমোদনের পূর্বে জেলা পরিষদ আইন ২০০০-এর ধারা ৪৫ এবং জেলা পরিষদ বাজেট বিধিমালা, ২০১৭-এর ক্রমিক-৩ ও ১০-এর বিধান যাচাই অন্তে দেখা যায় যে, পূর্ববর্তী অর্থবছরের অর্থ অব্যয়িত থাকলে পরবর্তী অর্থবছরের সাথে সমন্বয় হয়। ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের বাজেটের অর্থ পরবর্তী অর্থবছরে অর্থাৎ ২০২৫-২৬ অর্থবছরের সাথে সমন্বয় হওয়ার কথা। সে হিসেবে উক্ত উদ্বৃত অর্থ প্রযোজ্য ক্ষেত্রে চলতি অর্থবছর সাথে সমন্বয় না করে ২০২৪-২৫ অর্থবছরের অর্থে প্রস্তাব করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব তহবিলের অর্থায়নে ১২৭৪.৪৫৯০৩ লক্ষ (বারো কোটি চুয়াত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার নয়শত তিন) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩৫১টি প্রকল্পের বিষয়ে জেলা পরিষদ আইন ২০০০-এর ধারা ৪৫ এবং জেলা পরিষদ বাজেট বিধিমালা, ২০১৭ এর ক্রমিক-৩ ও ১০-এর বিধান অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের অর্থ চলতি অর্থবছরের বাজেটের সাথে সমন্বয় করে জেলা পরিষদ সভার সিদ্ধান্ত গ্রহণপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

24/03/2026
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:
১. প্রশাসক, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.১৪.১৪০.২৩.৪১৬/১(৬) তারিখ: ১০ চৈত্র ১৪৩২ / ২৪ মার্চ ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

24/03/2026
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব